রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, এপ্রিল ১৯, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৬ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ/ ১৯ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০১.২৬.৭৮––গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'** নিম্নরূপে গঠন করেছে :

১.১। **কমিটির গঠন :**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | : | সভাপতি |
| (২) | মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | : | সদস্য |
| (৩) | মন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য |
| (৪) | মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| (৫) | মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য |
| (৬) | মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | : | সদস্য |
| (৭) | মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য |
| (৮) | মন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | : | সদস্য |
| (৯) | মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | : | সদস্য |
| (১০) | মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | : | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| (১১) | মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় | : | সদস্য |
| (১২) | মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| (১৩) | প্রতিমন্ত্রী, খাদ্য মন্ত্রণালয় | : | সদস্য |
| (১৪) | প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় | : | সদস্য। |

১.২। **সহায়তাদানকারী কর্মকর্তাগণ :**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) সচিব, অর্থ বিভাগ

(৩) সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়

(৪) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়

(৫) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

(৬) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

(৭) সচিব, খাদ্য মন্ত্রণালয়

(৮) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

(৯) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

(১০) সচিব, স্থানীয় সরকার বিভাগ

(১১) সচিব, কৃষি মন্ত্রণালয়

(১২) সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

(১৩) সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

(১৪) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

(১৫) সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.৩। **কমিটির কার্যপরিধি :**

প্রতি বছর মার্চ মাসে কমিটির বিশেষ সভা অনুষ্ঠান এবং উক্ত সভায় নিম্নবর্ণিত কার্যক্রমসমূহের পূর্ববর্তী বছরের সার্বিক মূল্যায়ন ও পরবর্তী বছরের বাজেট নির্ধারণ করা :

(১) ফ্যামিলি কার্ড কর্মসূচি;

(২) বয়স্কভাতা কার্যক্রম;

(৩) বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা কার্যক্রম;

(৪) প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম;

(৫) অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম;

(৬) ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকেপ্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তা কার্যক্রম;

(৭) বীর মুক্তিযোদ্ধাদের সম্মানি ভাতা ও অন্যান্য ভাতাদি কার্যক্রম;

(৮) জুলাই গণঅভ্যুত্থানে শহিদ পরিবার এবং আহতদের মাসিক সম্মানী ভাতা কার্যক্রম;

(৯) মা ও শিশু সহায়তা কর্মসূচি;

(১০) ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি);

(১১) অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান;

(১২) খাদ্য বান্ধব কর্মসূচি;

(১৩) ভিজিএফ কর্মসূচি;

(১৪) কৃষক কার্ড কার্যক্রম;

(১৫) মসজিদ ও অন্যান্য উপাসনালয়ে কর্মরত ব্যক্তিবর্গের সম্মানী কার্যক্রম;

(১৬) রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের দুস্থ শ্রমিকদের জন্য সামাজিক সুরক্ষা কার্যক্রম;

(১৭) খাল খনন কর্মসূচি; এবং

(১৮) বৃক্ষরোপণ কর্মসূচি।

১.৪। কমিটির সভা প্রতি ৩ (তিন) মাসে একবার অনুষ্ঠিত হবে।

১.৫। সমাজকল্যাণ মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

১.৬। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

১.৭। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ১০ সেপ্টেম্বর ২০২৪ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৬.২৪.১৬১ স্মারকের জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হুমায়ুন কবির)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd